

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০২.০০০০.০০৬.১৬.০১৮.১৯. (অংশ-৩) . ৮৪৯


তারিখ : ২৮/০২/২০২৪

বিষয় : জাতীয় মহিলা সংস্থার আওতাধীন ইত:পূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহ অব্যাহত রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২৩-২৪ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২.১.১ অনুযায়ী জাতীয় মহিলা সংস্থার আওতাধীন ইত:পূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত নিম্নোক্ত সেবাসমূহ চালু করা হয়েছে :

- ১। জাতীয় মহিলা সংস্থা পরিচালিত শহীদ আইডি রহমান কর্মজীবী মহিলা হোস্টেলের সীট বরাদ্দসহ হোস্টেল ম্যানেজমেন্ট সিস্টেম অনলাইনে বাস্তবায়ন ;
- ২। জাতীয় মহিলা সংস্থার ৬৪টি জেলা ও ৫০ উপজেলা শাখার সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ ভাতা প্রশিক্ষণার্থীদের নামে সরাসরি একাউন্টে/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান ;
- ৩। সংস্থার প্রধান কার্যালয়ের নারী নির্যাতন প্রতিরোধ সেলের সেবা গ্রহীতাদের সেবা প্রাপ্তি সহজিকরণ ;
- ৪। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ প্রাপ্তি” সেবাটিকে সহজিকরণ ;

এমতাবস্থায়, জাতীয় মহিলা সংস্থার আওতাধীন উপরোল্লিখিত ইত:পূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহ অব্যাহত রাখার জন্য সেবা সমূহের সাথে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।



(সায়রা পারভীন)

উপপরিচালক (উপসচিব)

জাতীয় মহিলা সংস্থা

ফোন: ৯৩৫১৬৫৮

বিতরণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
- ২। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
- ৩। হিসাব রক্ষক/মূল্যায়ন কর্মকর্তা /প্রকাশনা কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
- ৪। হোস্টেল সুপার, শহীদ আইডি রহমান কর্মজীবী মহিলা হোস্টেল, জামস।
- ৫। নির্বাহী কর্মকর্তা/জেলা কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
জাতীয় মহিলা সংস্থার ৬৪ জেলা কার্যালয় ও সংযুক্ত প্রধান কার্যালয়।
- ৬। আইন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
- ৭। উপজেলা সংগঠক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,
জাতীয় মহিলা সংস্থার ৫০ উপজেলা কার্যালয়।

অনুলিপি:

- ১। জেলা চেয়ারম্যান,
জাতীয় মহিলা সংস্থার ৬৪ জেলা কার্যালয়।
- ২। উপজেলা চেয়ারম্যান,
জাতীয় মহিলা সংস্থার ৫০টি উপজেলা কার্যালয়।
- ৩। জাতীয় মহিলা সংস্থার ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, জামস।
- ৪। ব্যক্তিগত সহকারী, চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/পরিচালক/উপপরিচালক জাতীয় মহিলা সংস্থা।
- ৫। অফিস কপি।